ঝিনাইদহে প্রাক্তন স্বামীর ইটের আঘাতে স্ত্রী নিহত

ঝিনাইদহে শহরের কাঞ্চননগর বাবুর আলীর মোড় এলাকায় প্রাক্তন স্বামীর ইটের আঘাতে সুমাইয়া খাতুন সুমা (২৬) নামের এক নারী নিহত হয়েছে।

বুধবার সকাল দশটার দিকে শহরের বাবুর আলী মোড় এলাকায় এ ঘটনা ঘটে। সেসময় ঘাতক স্বামী এনানুল হক মিরাজকে আটক করেছে পুলিশ। নিহত সুমাইয়া খাতুন কাঞ্চন নগর বাবর আলীর মোড় এলাকার সেকেন্দার শেখের মেয়ে।

নিহতের ভাই রাতুল হোসেন জানায়, সুমার সাথে এনামুল হক মিরাজের ৮ বছর পূর্বে পারিবারিকভাবে বিয়ে হয়। তাদের সংসারে ফারহান নামের ৬ বছরের এক সন্তান হয়েছে। চার বছর পূর্বে তাদের ছাড়াছাড়ি হয়। ছাড়াড়ির পর আমার বোনের প্রাক্তন স্বামী মিরাজ আমাদের এলাকায় প্রায় সময় আসা যাওয়া করতো।

বুধবার (১৮ নভেম্বর) সকালে আমার বোন সুমা তার বাচ্চা স্কুল থেকে নিয়ে বাড়ি ফিরছিলো। সেসময় বাড়ির সামনে মিরাজের সাথে কথাকাটাকাটি এর পর্যায়ে সুমার মাথায় ইট দিয়ে আঘাত করে। এতে গুরুতর আহত হন সীমা। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মো, আসাদুজ্জামান এ তথ্য নিশ্চিত করে জানান, খবর পাওয়ার পর ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। নিহতের মরদেহ সদর হাসপাতাল মর্গে রয়েছে। এ ঘটনায় অভিযুক্ত মিরাজকে আটক করা হয়েছে। কী কারণে এ হত্যাকাণ্ড ঘটেছে, তা খতিয়ে দেখা হচ্ছে। নিহতের পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পাওয়ার পর মামলা নেওয়া হবে।

ঝিনাইদহে জেলা প্রশাসকের কাছে আশা’র কম্বল হস্তান্তর

ঝিনাইদহে সুবিধাবঞ্চিত শীতার্তদের মাঝে বিতরণের লক্ষ্যে জেলা প্রশাসকের কাছে ৫’শ কম্বল হস্তান্তর করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা আশা।

সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ কম্বল বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসময় জেলা প্রশাসনের পক্ষ থেকে কম্বল গ্রহণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক নারায়ন চন্দ্র পাল।

অনুষ্ঠানে আশার সিনিয়র ডিস্ট্রিক্ট ম্যানেজার আলাউদ্দীন, গোলাম মোস্তফাসহ অন্যান্যরা।

সেসময় আয়োজকরা বলেন, শীত মৌসুমে সমাজের সুবিধাবঞ্চিত ও অসহায় মানুষদের দুর্ভোগ লাঘবে আশা প্রতিবছর বিভিন্ন মানবিক কার্যক্রম পরিচালনা করে থাকে। এরই ধারাবাহিকতায় ঝিনাইদহের শীতার্ত মানুষের মাঝে বিতরণের জন্য জেলা প্রশাসনের কাছে ৫০০ কম্বল হস্তান্তর করা হয়েছে।

জেলা প্রশাসনের মাধ্যমে প্রকৃত অসহায় ও শীতার্ত মানুষের কাছে এসব কম্বল পৌঁছে দেওয়া হবে বলে আশা প্রকাশ করেন তারা।

ইজিবাইকচালক সাবেক ছাত্রদল নেতার পাশে ঝিনাইদহ জেলা পরিষদ প্রশাসক

ইজিবাইক চালিয়ে জীবিকা নির্বাহ করা ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক রেজওয়ান ইসলাম মুকুলের পাশে দাঁড়িয়েছে জেলা পরিষদ প্রশাসক। তাঁর পরিবারের সহায়তায় ৩০ হাজার টাকার আর্থিক অনুদান দেওয়া হয়েছে।

সোমবার সকালে ঝিনাইদহ জেলা পরিষদ প্রশাসকের কার্যালয়ে মুকুলের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দেন জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট এম এ মজিদ।

এ সময় জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সেলিম রেজা, জেলা ছাত্রদলের সভাপতি ইমরান হোসেন, সাধারণ সম্পাদক শাহরিয়ার রাসেলসহ জেলা পরিষদের কর্মকর্তা ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

জানা যায়, রেজওয়ান ইসলাম মুকুলের ছেলে সাজিদ হাসান রিয়ানের আবেদনের পরিপ্রেক্ষিতে জেলা পরিষদের পক্ষ থেকে এ আর্থিক সহায়তা দেওয়া হয়।

ঝিনাইদহে নিকাহ রেজিস্ট্রারদের কলম বিরতি ও অবস্থান কর্মসূচি

নিকাহ রেজিস্ট্রারদের অধিক্ষেত্র ও পেশাগত সুরক্ষা নিশ্চিত করার দাবিতে ঝিনাইদহে কলম বিরতি ও অবস্থান কর্মসূচি পালন করেছেন নিকাহ রেজিস্ট্রাররা।

সোমবার (১৬ নভেম্বর) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মসূচির আয়োজন করে জেলা নিকাহ রেজিস্ট্রার সমিতি।

এতে সংগঠনটির জেলা শাখার সভাপতি কাজী আব্দুস সুবহান, সাধারণ সম্পাদক ওবায়দুর রহমান, শৈলকুপা শাখার সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান, মহারাজপুর ইউনিয়নের কাজী সোহরাব হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা বলেন, বর্তমানে দেশের প্রতিটি ইউনিয়নে একজন করে নিকাহ রেজিস্ট্রার দায়িত্ব পালন করছেন। তবে নতুন করে প্রতিটি ইউনিয়নে আরও দুজন নিকাহ রেজিস্ট্রার নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ সিদ্ধান্ত বাস্তবায়ন হলে একই এলাকায় একাধিক নিকাহ রেজিস্ট্রারের মধ্যে প্রতিযোগিতা বাড়বে। এতে পুরোনো ও নতুন উভয় শ্রেণির

নিকাহ রেজিস্ট্রার আর্থিক সংকটে পড়বেন।

ঝিনাইদহের বারবাজার রেল স্টেশনে পেট্রোল বোমা নিক্ষেপ

ঝিনাইদহের কালীগঞ্জের বারবাজার রেলওয়ে স্টেশনে দুর্বৃত্তদের পেট্রোল বোমা নিক্ষেপের ঘটনা ঘটেছে। গত রবিবার দিবাগত রাত ৩টার দিকে অজ্ঞাত দুর্বৃত্তরা স্টেশন লক্ষ্য করে তিনটি পেট্রোল বোমা নিক্ষেপ করে। তবে এ ঘটনায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

বারবাজার রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টার মোবাশ্বের হোসেন জানান, রাত আনুমানিক ৩টার দিকে হঠাৎ দুর্বৃত্তরা অফিস রুমের দরজায় দুটি এবং মালামাল রাখার বাক্সে একটি পেট্রোল বোমা নিক্ষেপ করে পালিয়ে যায়। এতে কাঠের দরজায় আগুন ধরে যায়।

তবে ঘটনার সময় অফিসের ভিতরে লোকজন থাকায় তারা দ্রুত আগুন নিভিয়ে ফেলতে সক্ষম হয়। হামলার সময় অফিস রুমের দরজা ভেতর থেকে বন্ধ ছিল। এ কারণে ভেতরে থাকা কর্মচারী, আসবাবপত্র ও মূল্যবান নথিপত্রের কোনো ক্ষয়ক্ষতি হয়নি।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি জুলফিকার আলী জানান, রাতে বারবাজার রেলওয়ে স্টেশনে দুর্বৃত্তরা তিনটি ককটেল সাদৃশ্য বস্তু নিক্ষেপ করে পালিয়ে যায়। এ ঘটনায় কোনো হতাহত হয়নি। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

কোটচাঁদপুরে জুলাইবিরোধী অপকর্মে লিপ্ত, গ্রেপ্তারের দাবি

জুলাই গণ অভ্যুত্থানে গণ-হত্যাকারী ঢাকার যাত্রাবাড়ি থানার দুটি হত্যা মামলার ৫ আসামী খোরশেদ আলম তার পুত্র শাহাদত হোসেন, কন্যা জান্নাতুল ফেরদৌস তন্নী,সফিউদ্দীনের পুত্র উজ্জল হোসেন এবং কাউসার আলীর পুত্র লাভলু রহমান লাবু থানা পুলিশ এবং গোয়েন্দা সংস্থার সামনে প্রকাশ্যে ঘুরে বেড়ালেও রহস্যজনক কারনে গ্রেপ্তার হচ্ছে না বলে অভিযোগ রয়েছে।

ঢাকায় বসবাসকারী আসামিদের স্থায়ী ঠিকানা ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার শিশারকুণ্ডু গ্রামে। তাদের বিরুদ্ধে বিগত ১৭/০৭/২০২৬ তারিখে ঢাকার যাত্রাবাড়ি থানায় মোঃ বাবুল বাদী হয়ে একটি মামলা দায়ের করেন।

মামলা নং ৬২, ধারা ১৪৩/১৪৮/১৪৯/৩০২/১০৯/৩৪,(বেআইনি জনতাবদ্ধে মারাত্মক অস্ত্র সস্ত্রে সজ্জিত হইয়া সংগঠন করিয়া খুন করত: প্ররোচনা দেওয়ার অপরাধ।) পরবর্তিতে ১৭ জুলাই-২৬ তারিখে একই থানায় আরো একটি হত্যা মামলা দায়ের হয়, যার নম্বর ৬৮।

এই মামলায় আসামীর তালিকায় রয়েছেন, শেখ হাসিনা,আসাদুজ্জামান খান কামাল,শমসের মবিন চৌধুরী,ওবাইদুল কাদের,আনিসুল হক,দীপু মনি,আ ক ম মোজাম্মেল হক,জাহাঙ্গীর কবির নানক, নাজমুল হাসান পাপন, জুনায়েদ আহমেদ পলক, শফিকুর রহমান চৌধুরী,কামরুল ইসলাম,শামীম ওসমান, হাজী সেলিম, সোলাইমান সেলিম, রাশেদ খান মেনন, সালমান এফ রহমান, ফজলে নূর তাপস, চৌধুরী আব্দুল্লাহ আল মামুন, হাবিবুর রহমান সহ ২৫৮ জন।

এর বাইরে অজ্ঞাতনামা আরো ১৫০/২০০ জনকে আসামী করা হয়। মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই খন্দকার সালেহ আবু নাঈমের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে আসামীগণ ২০২৪ সালের ৫ আগষ্ট জঘন্যতম গণহত্যা,লুটপাট,অগ্নি সংযোগ এবং ছাত্র জনতার উপর হামলার সাথে জড়িত। মামলাটি বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট আদালতের স্মারক নং-২৭১। থানা হতে আদালতে প্রেরনের তারিখ ১৭/০৭/২০২৬ ইং। মামলায় কোটচাঁদ পুরের খোরশেদ আলমকে ১৬১ নন্বর আসামী করা হয়েছে

এতে বলা হয়েছে তিনি ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক এবং মৃত আনার এমপির ঘনিষ্ঠ সহচর,অর্থ যোগানদাতা ও বৈষম্য বিরোধী আন্দেলনে ছাত্রদের উপর গুলি বর্ষণকারী।

১৬২ নম্বর আসামী শাহাদত ঝিনাইদহ জেলা যুবলীগের সহ প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক ও মৃত আনার এমপির ঘনিষ্ঠ সহচর,যুবলীগের অস্ত্রধারী ক্যাডার এবং বৈষম্য বিরোধী আন্দোলনে ছাত্রদের উপর গুলি বর্ষণকারী, ঝিনাইদহ জেলা যুবলীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক উজ্জল হোসেন ১৬৩ নম্বর আসামী এবং তন্নীর নাম রয়েছে ১৬৪ নম্বরে, তিনি যাত্রাবড়ী থানা যুব মহিলা লীগের সাহিত্য সম্পাদক এ ছাড়া ২৩৬ নম্বর আসামী হিসেবে শিশারকুন্ডু গ্রামের যুবলীগ নেতা লাভলু রহমান লাবুর নাম রয়েছে ।

জানাগেছে আসামীরা আত্মগোপনে কোটচাঁদপুরে অবস্থান করে সরকার বিরোধী বিভিন্ন অপকর্মে চালিয়ে যাচ্ছে। তাদের বিরুদ্ধে একাধীক মামলা থাকলেও বিভিন্ন সময়ে ঝটিকা মিছিলে অংশ নিয়ে নাশকতামূলক কর্মকান্ডে লিপ্ত রয়েছে। তবে পুলিশ প্রশাসন অজ্ঞাত কারনে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছে না।

এর আগে বিগত ২০২৪ সালের ২৫ নভেম্বর শাহাদত এবং উজ্জল হোসেনের বিরুদ্ধে ঝিনাইদহ সদর উপজেলার নগর বাথান (পুটেপাড়া) গ্রামের নজরুল ইসলামের মেয়ে ঝুমুর খাতুন কে ধর্ষণের অভিযোগে মামলা দায়ের হয়। ঝিনাইদহের বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্র্ইাবুনালে (আইন ২০০০ এর সংশোধনী ২০০৩ এর ৯(১) ৭/৩০ ধারা এবং পর্ণেগ্রাফী আইনের ৮(১)৮(৩) ধারায় মামলাটি দায়ের করেন ভিকটিম ঝুমুর খাতুন। সেসময়ে বিভিন্ন সংবাদপত্র,সামাজিক যোগাযোগ মাধ্যম এবং ইলেকট্রনিক মিডিয়ায় সংবাদ প্রচার হয়। এ বিষয়ে অভিযুক্তদের সাথে একাধীকবার যোগাযোগের চেষ্টা করেও তাদের পাওয়া যায়নি।

এ বিষয়ে কোটচাঁদপুর মডেল থানার অফিসার-ইন-চার্জ মেহেদী হাসান সাংবাদিকদের জানান মামলার তদন্তকারী কর্মকর্তা আসামাীদের গ্রেপ্তারসহ যে কোন আইনি সহায়তা চাইলে প্রয়োজনীয় সহযোগিতা দেয়া হবে।

দামুড়হুদার হাউলী ইউনিয়ন বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ

সারাদেশে আওয়ামী লীগের অরাজকতা, ককটেল বিস্ফোরণ, নৈরাজ্য ও সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রতিবাদে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ইউনিয়ন বিএনপি।

শনিবার বিকেল ৪টার দিকে হাউলী ইউনিয়ন বিএনপির উদ্যোগে কাঁঠালতলা বাজার এলাকা থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়। মিছিলটি এলাকার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই এলাকায় সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

সমাবেশে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, সহসভাপতি সোলেমান মল্লিক, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক সোহেল রানা, হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলাম, উপজেলা জিয়া স্মৃতি সংসদের সভাপতি মো. তরিকুল ইসলাম রানা, হাউলী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবু, সাধারণ সম্পাদক তামিম ইকবাল, সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিকসহ স্থানীয় বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

সমাবেশে বক্তারা বলেন, সারাদেশে আওয়ামী লীগের অরাজকতা, ককটেল বিস্ফোরণ, নৈরাজ্য ও সন্ত্রাসী কর্মকাণ্ডের মাধ্যমে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির অপচেষ্টা চালানো হচ্ছে। দেশের শান্তি-শৃঙ্খলা ও গণতান্ত্রিক পরিবেশ বিনষ্টের যেকোনো অপচেষ্টা ঐক্যবদ্ধভাবে প্রতিহত করতে হবে।

তারা আরও বলেন, বিএনপি জনগণের অধিকার ও গণতন্ত্র প্রতিষ্ঠার রাজনীতি করে। কোনো ধরনের সন্ত্রাস, নৈরাজ্য কিংবা বিশৃঙ্খলা সৃষ্টির অপচেষ্টা বরদাশত করা হবে না। দলের নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থেকে সতর্ক ও সজাগ থাকার পাশাপাশি শান্তিপূর্ণ ও গণতান্ত্রিক কর্মসূচির মাধ্যমে যেকোনো ষড়যন্ত্রের বিরুদ্ধে প্রতিবাদ

অব্যাহত রাখার আহ্বান জানান বক্তারা।

বিক্ষোভ মিছিল ও সমাবেশে হাউলী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ড থেকে বিএনপি এবং এর অঙ্গ-সহযোগী সংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী অংশ নেন।

ঝিনাইদহ আল কলম মডেল মাদ্রাসায় ব্যতিক্রমি ক্লে-ক্রাফট প্রদর্শণী

ক্লে ও ক্রাফটের নিপুণ ছোঁয়ায় শিক্ষার্থীদের হাতে জীবন্ত হয়ে উঠেছে ইসলামের ইতিহাস, ঐতিহ্য ও নানা নিদর্শন। কোথাও পবিত্র কাবা শরিফ, কোথাও মসজিদুল আকসা, মসজিদুল হারাম, আবার কোথাও বাইতুল মুকাদ্দাসের প্রতিরূপ।

শুধু ধর্মীয় স্থাপনা নয়, ইসলামের নানা শিক্ষা, ধর্মীয় অনুষঙ্গ, বিজ্ঞান ও শিক্ষামূলক বিষয়ও স্থান পেয়েছে তাদের শিল্পকর্মে। শিক্ষার্থীদের এমন সৃজনশীল আয়োজন অনুষ্ঠিত হয়েছে ঝিনাইদহ শহরের আদর্শপাড়ার আল-কলম মডেল মাদরাসায়।

শনিবার (১৪ নভেম্বর) দিনব্যাপী এ আয়োজনে ১৭টি স্টলে শিক্ষার্থীরা প্রদর্শন করে সাড়ে ৩৫০টি শিল্পকর্ম। ক্লে (কাঁদা), কাগজ, ফোমসহ বিভিন্ন উপকরণ ব্যবহার করে তৈরি এসব শিল্পকর্মে ফুটে উঠেছে শিক্ষার্থীদের মেধা, মনন ও সৃজনশীলতা। রঙিন মাটির তৈরি মসজিদ, সুউচ্চ মিনার, গম্বুজ ও বিভিন্ন ঐতিহাসিক স্থাপনার প্রতিরূপ দর্শনার্থীদের নজর কাড়ে।

এ ছাড়া মৃত্যুর পর গোসল, কাফন-দাফন ও জানাজার মতো ধর্মীয় বিধিবিধানও তুলে ধরা হয় বিভিন্ন মডেলের মাধ্যমে। পাশাপাশি সৌরজগৎ, বিজ্ঞান ও শিক্ষামূলক নানা বিষয় নিয়ে তৈরি করা হয় আকর্ষণীয় সব প্রদর্শনী। শিক্ষার্থীদের হাতে তৈরি এসব শিল্পকর্ম দেখতে মাদরাসায় ভিড় করেন অভিভাবক ও দর্শনার্থীরা। ব্যতিক্রমী এ

আয়োজন দেখে আনন্দ প্রকাশ করেন আগতরা।

আয়োজকরা জানান, শিক্ষার্থীদের সৃজনশীল প্রতিভা বিকাশের পাশাপাশি ইসলামের ইতিহাস, ঐতিহ্য ও ধর্মীয় শিক্ষা সম্পর্কে বাস্তব ধারণা দেওয়ার লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। পাঠ্যবইয়ের পড়াশোনার পাশাপাশি হাতে-কলমে শেখার মাধ্যমে শিক্ষার্থীদের জ্ঞান ও দক্ষতা বাড়াতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

আল-কলম মডেল মাদরাসার প্রতিষ্ঠাতা ও পরিচালক মুহাম্মাদ সাঈদুর রহমান বলেন, শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশ এবং সৃজনশীল কাজে উৎসাহিত করতেই এ প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। এর মাধ্যমে তারা ইসলামের ইতিহাস-ঐতিহ্য সম্পর্কে জানার পাশাপাশি বিভিন্ন বিষয়ে বাস্তব জ্ঞান অর্জনের সুযোগ পাচ্ছে। এছাড়া প্রদর্শণী কমিটির সমন্বয়ক শিক্ষক সাঈদ আল মাহমুদ বলেন “ আমরা বাচ্চাদের শুধু পুথিগত বিদ্যা শিক্ষাই না বরং এই প্রদর্শণীর মাধ্যমে আমরা বাস্তবসম্মত ত্রিমাত্রিক শিক্ষা দিতে চাই”

সকালে প্রদর্শণীর উদ্বোধন করে বিভিন্ন স্টল ঘুরে দেখেন অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা ম্যাজিস্ট্রেট সাইফুর রহমান। এছাড়া বিশেষ অতিথি হিসেবে স্টল পরিদর্শণ করেণ জেলা পরিষদ প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি আব্দুল মজিদ, জেলা জামায়াতের আমীর আব্দুল আওয়াল, জেলা ওলামা দলের সভাপতি আল মাহাদী লিপিয়ার, সাধারণ সম্পাদক কামরুজ্জামানসহ অন্যান্যরা।

৭ দফা দাবীতে ঝিনাইদহে জাতীয় শিক্ষক ফোরামের জেলা সম্মেলন

এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ, নবম পে স্কেলের সুবিধা, শতভাগ উৎসব ভাতা প্রদানসহ ৭ দফা দাবীতে ঝিনাইদহে সম্মেলন করেছেন জাতীয় শিক্ষক ফোরাম।

শনিবার (১৪ নভেম্বর) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ সম্মেলনের আয়োজন করে সংগঠনটির জেলা শাখা।

সম্মেলনে জাতীয় শিক্ষক ফোরাম কেন্দ্রীয় কমিটির সভাপতি মাওলানা এবিএম জাকারিয়া, জেলা শাখার সভাপতি মাওলানা মোহাম্মদ শহিদুল ইসলাম, সাবেক শিক্ষা অফিসার আব্দুল মালেকসহ শিক্ষক নেতারা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে শিক্ষকরা নানা বৈষম্য ও বঞ্চনার শিকার হচ্ছেন। একই দায়িত্ব পালন করেও অনেক শিক্ষক সুযোগ-সুবিধার ক্ষেত্রে পিছিয়ে রয়েছেন। এ বৈষম্য দূর করতে শিক্ষকদের সাত দফা দাবি দ্রুত বাস্তবায়নের দাবী জানান তারা।

পাওনা টাকা নিয়ে বিরোধের জেরে মহেশপুরে কৃষককে কুপিয়ে হত্যা

ঝিনাইদহের মহেশপুর পাওনা টাকা নিয়ে বিরোধের জেরে নূর মোহাম্মদ নামের এক কৃষককে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে।
শুক্রবার (১৩ নভেম্বর) দুপুরে উপজেলার মান্দারতলা গ্রামের মাঠে এ ঘটনা ঘটে।

নিহত নূর মোহাম্মদ মান্দারতলা গ্রামের বীর মুক্তিযোদ্ধা মৃত হানেফ আলীর ছেলে। অভিযুক্ত জসিম উদ্দিন একই উপজেলার পোড়াদহ গ্রামের লুৎফর রহমানের ছেলে। স্থানীয়রা জানায়, আজ শুক্রবার সকালে নূর মোহাম্মদ মাঠের একটি জমিতে কলাই মাড়াইয়ের কাজ করতে যান। এ সময় পাশের জমিতে কাজ করতে আসেন পোড়াদহ গ্রামের জসিম উদ্দিন। কাজের একপর্যায়ে পূর্বের পাওনা টাকা নিয়ে দু’জনের মধ্যে কথা কাটাকাটি ও বিরোধ শুরু হয়। বিরোধের একপর্যায়ে জসিম তাঁর হাতে থাকা ধারালো দা দিয়ে নূর মোহাম্মদকে এলোপাতাড়ি কোপাতে শুরু করেন। এতে তিনি গুরুতর আহত হয়ে মাটিতে লুটিয়ে পড়েন।

পরে স্থানীয় লোকজন তাঁকে দ্রুত উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক নূর মোহাম্মদকে মৃত বলে ঘোষণা করেন।

মহেশপুর থানার ওসি ইমরান আলম জানিয়েছেন খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে

গেছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।